শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৩৮.১৮-১৬৯ তারিখ: ০৮.০৫.২০১৯খ্রি.

বিষয়: বাগেরহাট জেলার মোংলা উপজেলাধীন চাঁদপাই পীর মেছেরশাহ দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: তানভীর হোসেন এর বেতন-ভাতা সংক্রান্ত আবেদন নিস্পত্তিকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) চাঁদপাই পীর মেছেরশাহ দাখিল মাদরাসার অধ্যক্ষ এর আবেদন তারিখ:১৯.০৬.২০১৭ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে বাগেরহাট জেলার মোংলা উপজেলাধীন চাঁদপাই পীর মেছেরশাহ দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: তানভীর হোসেন ম্যানেজিং কমিটি কর্তৃক সাময়িক বরখাস্ত থাকাকালীন ফেব্রুয়ারী/২০১১ খ্রি. তারিখ হতে মে/২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত ৮,৫৯,৩২৪/- (আট লক্ষ উনষাট হাজার তিন শত চব্বিশ) টাকা বকেয়া বেতন ভাতার সরকারি অংশের টাকা প্রাপ্তির জন্য আবেদন করেছেন।

০২. আবেদনটি পর্যালোচনা করে দেখা যায় যে, সহকারী মৌলভী জনাব মো: তানভীর হোসেন ০১.০২.২০১১ খ্রি. তারিখ থেকে ১০.০২.২০১১ তারিখ পর্যন্ত অসুস্থতার জন্য অনুপস্থিত থাকার কারনে ফেব্রুয়ারী/২০১১ খ্রি. তারিখ হতে মে/২০১৬ তারিখ পর্যন্ত ম্যানেজিং কমিটি কর্তৃক সাময়িক বরখাস্ত করা হয়েছে। পরবর্তীতে ম্যানেজিং কমিটির ২৩.০৫.২০১৭ খ্রি. তারিখের ০৩/১৭ নং রেজুলেশনের মাধ্যমে সহকারী মৌলভী জনাব মো: তানভীর হোসেনকে সাময়িক বরখাস্তকরণ আদেশ প্রত্যাহার করে স্ব-পদে বহাল করা হয়েছে।

০৩. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুচ্ছেদে উল্লেখ আছে "প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসাবে তা এম.পি.ও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।"

০৪. উপরিউক্ত আবেদনটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুচ্ছেদ এর নির্দেশনার অন্তর্ভূক্ত বিধায় মহোদয়ের আবেদনটি সেমতে নিস্পত্তিযোগ্য।

০৫. এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুচ্ছেদ অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সুপার, চাঁদপাই পীর মেছেরশাহ দাখিল মাদ্রাসাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

08.05.19

(মো: আবদুল মুকীত)
সহকারী পরিচালক (অর্থ)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
ই-মেইলঃ adfinance.dme@gmail.com

সুপার
চাঁদপাই পীর মেছেরশাহ দাখিল মাদ্রাসা
ডাক: মিঠাখালী, উপজেলা: মোংলা, জেলা: বাগেরহাট।

অনুলিপি:
১। সচিব মহোদয়ের একান্ত সচিব,কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়,পরিবহন পুল ভবন (৯ম তলা)সচিবালয় লিংক রোড ঢাকা।
২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, খুলনা অঞ্চল।
৩। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোংলা, বাগেরহাট।
৫। সভাপতি, চাঁদপাই পীর মেছেরশাহ দাখিল মাদ্রাসা, ডাক: মিঠাখালী, উপজেলা: মোংলা, জেলা: বাগেরহাট।
৬। অফিস কপি।